

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬০৯

পর্ব-২৪: স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم قَالَ: «من رَآنِي فِي الْمَنَامِ فَقَدْ رَآنِي فَإِنَّ الشَّيْطَانَ لَا يَتَمَثَّلُ فِي صنورَتِي»

বাংলা

৪৬০৯-[8] আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে আমাকে স্বপ্নে দেখবে, সে সত্যই আমাকে দেখবে। কারণ শয়তান আমার আকৃতি ধারণ করতে পারে না। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১১০, ৬১৯৭; মুসলিম (২১৬৬)-১০, তিরমিয়ী ২২৭৬, ইবনু মাজাহ ৩৯০০, আল জামি'উস্ সগীর ১১২০২, সহীহুল জামি' ৬২৫৭, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৭২৯, ইবনু আবূ শায়বাহ্ ৩০৪৭১, আহমাদ ৯৩২৪, আবূ ইয়া'লা ৫২৫০, সহীহ ইবনু হিব্বান ৬০৫২, 'নাসায়ী'র কুবরা ৭৬২৯, দারিমী ২১৩৯, হিলইয়াতুল আওলিয়া ৭/২৪৬, 'ত্বারানী'র আল মু'জামুল কাবীর ১১৫২, আল মু'জামুল আওসাত্ব ৯৫৪, আল মুসতাদরাক ৮১৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসটির ব্যাখ্যায় বিভিন্ন ধরনের মত বর্ণিত হয়েছে। বলা হয়, স্বপ্ন দেখা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগের সময়ের সাথে নির্দিষ্ট। আবার কেউ কেউ বলেছেন যে, এটা সব সময়ের জন্য। সুতরাং যে ব্যক্তি তাকে দুনিয়াতে স্বপ্নে দেখবে সে সত্য সত্যই তাকে দেখবে এবং পরকালে তার সাথে সাক্ষাত লাভ করবে। কারণ শয়তান তার আকৃতি ধারণ করতে পারে না। বলা হয় : যে ব্যক্তি সংবাদ দিবে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে স্বপ্নে দেখেছে তার স্বপ্ন সত্য এবং হক তা খারাপ স্বপ্ন নয়।

ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বর্ণনা করেছেন, এ বিষয়ে মতভেদ সংঘটিত হয়েছে। অতঃপর ইবনু বাকিল্লানী বলেছেনঃ এর অর্থ হলো নিশ্চয় তার স্বপ্ন সত্য এবং খারাপ স্বপ্ন নয়। যেমন কেউ রসূল সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম-কে বার্ধক্য অবস্থায় স্বপ্ন দেখেছে। আবার কেউ কেউ যুবক অবস্থায় স্বপ্ন দেখেছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন